SAMPLE QUESTION PAPER

# MARKING SCHEME

# SUBJECT - BENGALI
# (বাংলা)
# CLASS XII
# SESSION - 2019 - 2020
# SUBJECT CODE : 105

Code No. 105

- Please check that this question paper contains 8 printed pages.

The Question Paper is divided into four Sections

SECTION - A : Reading (Comprehension)

SECTION - B : Grammar

SECTION - C : Composition & Writing

SECTION - D : Literature

# Marking Scheme
# Class - XII (2019 - 20)
# Subject - Bengali

সময় - ৩ ঘন্টা | সর্বমোট অঙ্ক - ৮০

*Time : 3 Hrs.* | *Maximum Marks - 80*

## Section - A (Reading Comprehension)

Q. No. | **Expected Answers / Value Points** | Distribution of Marks

1. অনুচ্ছেদ পড়ে প্রশ্নোত্তর । চারটি প্রশ্নের উত্তর অনুচ্ছেদ পড়ে লিখতে হবে। শেষ প্রশ্নের উত্তর ব্যাকরণ ভিত্তিক। 1+1+1+1+1 = 5

- অনুচ্ছেদ অনুসরণে নিজের ভাষায় সঠিক উত্তর লিখলে

**অথবা**

- সরাসরি অনুচ্ছেদ থেকে প্রাসঙ্গিক বাক্য তুলে দিলে

**অথবা**

- কেবল মাত্র সংকেত শব্দ / শব্দগুচ্ছ লিখলেও পুরো নম্বর।

a) পাঁচ রকম তেতো পাতার রস
b) আগের দিনের তিনখানা খবরের কাগজ, একখানা পঞ্জিকা, ডায়েরি আর কলম।
c) এগারোটা দেওয়ালঘড়িতে
d) জমিদারি কিনে
e) অপচয়

2. 1 নং প্রশ্নের অনুরূপ 1+1+1+1+1 = 5

a) মহেন্দ্রনাথ দত্ত
b) ভূপেন্দ্রনাথ ও মহেন্দ্রনাথ
c) ১৮৮০ সাল
d) অধ্যাত্মবাদী, সাধুসঙ্গ-প্রয়াসী।
e) অর্থ বুঝিয়ে বাক্য গঠন করলে 1 নম্বর পাবে।

## Section - B (Grammar)

3. ধবনিবিজ্ঞানের যে-কোনো একটি রীতির দুটি উদাহরণসহ সংজ্ঞা । 3+2 = 5

- শুধু সংজ্ঞাটিকে ঠিকভাবে লিখলে 3 নম্বর ।
- উৎস শব্দটিকে পাশে রেখে উদাহরণ দিলে অর্থাৎ উচ্চারণ পরিবর্তনের স্তর নির্দেশের চেষ্টা করলে প্রতিটি উদাহরণ 1 নম্বর । যেমন অপিনিহিতি - ‘করিয়া’ > ‘কইর্‌যা’ । কিন্তু, কেবল সংশ্লিষ্ট রীতি প্রভাবিত শব্দটির উল্লেখ করলে 0.5 নম্বর ।

  যেমন - অপিনিহিতি - ‘কইর্‌যা’।

4. অলঙ্কারের উদাহরণসহ সংজ্ঞা। (যে কোনো <u>একটি</u> । 3+2 = 5

   a) যমক b) অনুপ্রাস c) উপমা

- সংজ্ঞার জন্য 3 নম্বর । উদাহরণের জন্য 1.5 নম্বর এবং সংজ্ঞার সঙ্গে উদাহরণের যোগ স্থাপনের জন্য 0.5 নম্বর।

**অথবা**

সংজ্ঞা সহ অলঙ্কার নির্ণয় ।

(a), (b), (c) ও (d) এর মধ্য থেকে যে-কোনো একটির উত্তর দিতে হবে।

- মূল অলঙ্কারের নাম উল্লেখ করলেই 3 নম্বর ।
- শুধু সংজ্ঞা 1.5 নম্বর এবং সংজ্ঞাকে যুক্তিযুক্ত করতে পারলে পুরো 2 নম্বর।

  <u>উত্তর সংকেত</u> ঃ

a) শ্লেষ

b) অনুপ্রাস

c) যমক

d) উপমা

5. বাগধারা / প্রবাদ (যে কোনো তিনটি) 2×3 = 6

- অর্থ লিখে বাক্য রচনা । প্রতিটি 2 নম্বর।
- অর্থ ঠিক, কিন্তু বাক্য ভুল - 1 নম্বর
- অর্থ ঠিক, বাক্যও ঠিক কিন্তু স্বয়ংসম্পূর্ণ নয় (যেমন ‘সে উলুবনে মুক্তা ছড়ায়’) 2 নম্বর
- অর্থের কোনো উল্লেখ নেই, বাক্যও স্বয়ংসম্পূর্ণ নয় - 1 নম্বর।
- অর্থের উল্লেখ নেই, কিন্তু, বাক্য স্বয়ংসম্পূর্ণ 1.5 নম্বর

## Section - C
## (Composition)

6. প্রতিবেদন পড়ে প্রশ্নোত্তর । 1+2+2=5

a) শিরোনাম - প্রতিবেদনের মূল বিষয়টি কয়েকটি শব্দের মধ্যে উল্লেখ করতে পারলে 1 নম্বর দেওয়া হবে। (সংকেত ঃ সাফল্যের শীর্ষে মেরি / কোনো কিছুতেই কম নয়, মেরি কম)

b) বিশ্ব বক্সিং চ্যাম্পিয়নশিপে ষষ্ঠ সোনাজয়ী মেরি কমের সাফল্যে উচ্ছ্বসিত দেশ। নজির গড়ার দিন থেকেই তিনি অলিম্পিক্সে দেশকে সোনা উপহার দেওয়ার লক্ষ্যে তীব্র প্রস্তুতির পথে।

c) সরকারি ভাবে মেরি বিশ্বের সেরা বক্সার প্রমাণিত হওয়ায় তিনি অসাধারণ। তাঁকে বিশ্ব বক্সিং চ্যাম্পিয়নশিপে ষষ্ঠ সোনা জেতার জন্য অভিনন্দন জানিয়েছেন। তিনিই নতুন প্রজন্মের অনুপ্রেরণা।

7. পত্র লিখন ঃ বন্ধুকে অথবা বাবাকে 2+3 = 5

- চিঠির বিষয়বস্তুর জন্য 3 নম্বর ।
- অবয়ব সংস্থানে তারিখ, প্রেরকের ঠিকানা বা স্থান, সম্বোধন ও সমাপ্তি সূচক পদ থাকবে। পত্রের শেষে স্বতন্ত্রভাবে প্রাপকের নাম, ঠিকানা থাকলে পুরো 2 নম্বর দেওয়া হবে।
- পত্রের বিষয়বস্তুর জন্য 3 নম্বর ।
- বক্তব্য ঠিক থাকলে অন্তত 2 নম্বর ।
- দক্ষতা ও ব্যক্তিগত পত্রের সুরটি বজায় থাকলে পুরো 3 নম্বর দেওয়া যাবে।

## Section - D (Literature)

8. গদ্য থেকে উদ্ধৃতি তুলে প্রশ্ন 1+1+3 = 5

'আমায় কিছু একটা করতেই হবে।'

<u>উত্তর সংকেত ঃ</u>

a) মৃত্যুঞ্জয় অনাহারে মৃত্যু রোধ করার বিষয়ে নিরন্ন মানুষের সাহায্য করেত চেয়েছে। 1 নম্বর।

b) একবেলা খাওয়া ছেড়ে দিয়ে, নিজেরও তার স্ত্রীর একবেলার খাবার বিলিয়ে দেয়। 1 নম্বর।

c) মাস মাইনের টাকা রিলিফ ফান্ডে দান ফুটপাতবাসী অনাহারীদের সঙ্গে ঘুরে বেড়ানো -সংসার ও সন্তানের প্রতি উদাসীন। দেহ ছেঁড়া ন্যাকড়ায় আবৃত ধুলো মলিন ফুটপাতে কাড়াকাড়ি মারামারি করে লঙ্গারখানায় খিচুড়ি খাওয়া — সর্বশেষে মানসিক বিকারগ্রস্থ হয়ে গড়া। [গুছিয়ে লিখলে 2 থেকে 3 নম্বর]

**অথবা**

'কতক্ষণ সে মারমুখী ......................কে জানে।'

উত্তর সংকেত ঃ

a) সৈয়দ মুস্তাফা সিরাজ। ভারতবর্ষ (½ + ½ = 1) নম্বর।

b) আইনের রক্ষক নীল উর্দিপরা চৌকিদার। 1 নম্বর।

c) হিন্দু ও মুসলমান সম্প্রদায়ের পারস্পরিক ধর্মীয় বিরোধবোধ। এক বৃদ্ধাকে কেন্দ্র করে। [গুছিয়ে লিখলে 2 থেকে 3 নম্বর]

9. পাঠ্য গল্পগুলি থেকে নির্বাচন মূলক প্রশ্ন (MCQ) (a) থেকে (h) পর্যন্ত আটটি প্রশ্নের উত্তর বেছে লিখতে হবে। প্রতিটি সঠিক উত্তরের জন্য 1 নম্বর। 1×5 = 5

উত্তর ঃ

a) ii) বড়োপিসিমা

b) iii) সতীশবাবুর নাতি

c) ii) নকড়ি নাপিত

d) iii) দাঙ্গা বাঁধার উপক্রম হয়েছিল

e) i) পাঁচ ক্রোশ

f) i) কালীঘাট

g) i) একত্রিশটি

h) iii) তিনজায়গায়

10. পাঠ্য কবিতা থেকে সপ্রসঙ্গ ব্যাখ্যা। যে কোনো একটি। 5

মূল্যায়ন নীতি ঃ

- সূত্র নির্ভুল হলে 1 নম্বর
- প্রসঙ্গ উল্লেখ করলেই 1 নম্বর

- ব্যাখ্যার জন্য থাকবে 3 নম্বর। ন্যূনতম 1 নম্বর এবং বিশ্লেষণ বা উপস্থাপনার মান অনুযায়ী 2 থেকে পুরো 3 নম্বর।
- সূত্র-প্রসঙ্গ-ব্যাখ্যা- এই তিনটি অংশে গুছিয়ে লেখা হলেও পুরো ও নম্বর দেওয়া যাবে।

উত্তর সংকেত ঃ

- সূত্র } কবি - মৃদুল দাশগুপ্তের
- কবিতা - " ক্রন্দনরতা জননীর পাশে।"

প্রসঙ্গ ঃ জঙ্গলে আবিষ্কৃত নিহত, নির্যাতিতা নারীর প্রতি সমাজের নিষ্ঠুর মানসিকতার বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে এই উক্তি।

ব্যাখ্যাঃ বিধির বিচার চাওয়ার অর্থ 'অদৃষ্টবাদী' হওয়া। মানুষ আত্মবিশ্বাস, আত্ম-শক্তির অভাবে ঈশ্বরের বিচারের প্রত্যাশায় তাকিয়ে থাকে। কবি মনে করেন বিধির বিচার চাইবার আগে নিজস্ব বিচার ক্ষমতা ব্যবহার করা উচিত ও যথাশক্তি সেই ক্ষমতা প্রয়োগ করা উচিত।

**অথবা**

- সূত্র ঃ কবি - রবীন্দ্রনাথ ঠাকুর

  কবিতা - "রূপনা রানের কূলে।"
- প্রসঙ্গ ঃ বাস্তব দুঃখ, কষ্ট, যন্ত্রণা-জীবন যন্ত্রণার অভিজ্ঞতা প্রসঙ্গে কবির অনুভূতি।
- ব্যাখ্যা ঃ সত্য কঠিন। জীবন ও জগতকে 'মধুময় পৃথিবীর ধূলি' থেকে নয়, দেখতে হবে 'রূপনারায়ণের' বাস্তব উপকূল থেকে। দুঃখের দুঃসহ তপস্যার মধ্যে দিয়েই বুঝে নিতে হবে জীবনের প্রকৃত মর্ম। এটা গুছিয়ে লিখতে পারলেই 2 থেকে 3 নম্বর।

11. কবিতা থেকে পংক্তি তুলে প্রশ্ন ঃ 5 "গাছ অ

a) কবিতা 'আমি দেখি', কবি-শক্তি চট্টোপাধ্যায়

b) কবি, মানবজাতির উদ্দেশ্যে এই আবেদন জানিয়েছেন।

c) নাগরিক জীবনে দীর্ঘকাল শহরের বন্দীত্ব জীবনে থেকে কবি হাঁপিয়ে উঠেছেন। শারীরিক ও মানসিক সুস্থতার জন্য সবুজের প্রয়োজনীয়তা অনুভব করেছেন কবি, তাই, বৃক্ষ রোপণের আবেদন তাঁর সমগ্র মানব-সমাজের কাছে। এই সবুজের মধ্যেই আছে মনের শান্তি, প্রাণের আরাম।

**অথবা**

'আমি তা পারি না'।

<u>উত্তর সংকেত</u> ঃ

a) মৃদুল দাশগুপ্ত। ক্রন্দনরতা জননীর পাশে। (½ + ½ = 1) নম্বর।

b) কবি অন্যায় অবিচার, শোষণ, পীড়ন, খুন ইত্যাদি দেখে বিধাতা বিচার করবেন এই ভাবনায়

চুপ করে থাকতে পারেন না।

c) একজন সমাজ সচেতন, সত্যানুসন্ধানী বিবেকবান মানুষ কখনই নির্মম সত্য বলার ভয়ে আতঙ্কিত হয়ে কঠোর বাস্তব থেকে অবনতমস্তক হতে পারেন না।

12. নাটক থেকে পংক্তি তুলে প্রশ্নঃ 5

''আর জীবনে ভোর নেই, ..........'। 2+3 = 5

a) বৃদ্ধ পেশাদারী অভিনেতা রজনীকান্ত, প্রম্পটার কালীনাথকে এই কথাগুলি বলেছেন।

b) মানুষ যৌবনে যখন সক্রিয় থাকে তখন তার প্রতিভার বহুমুখী বিকাশ ঘটে। কিন্তু, প্রকৃতির নিয়মেই মানুষ বৃদ্ধ হয়, — অভিনেতার শক্তি সামর্থ্য কমে আসে, দর্শকদের সামনেও সে

**অথবা**

''আহা হা, কালীনাথ ......... হে আমাকে।''

a) অভিনয় জীবনের প্রায় শেষ প্রান্তে পৌঁছে জীবনের হতাশা ও একাকীত্ব সম্বন্ধে রজনীকান্ত প্রম্পটার কালীনাথকে একথা বলেছেন।

b) ভদ্র ব্রাহ্মণ বংশের সন্তান হয়ে জন্মে, নিশ্চিত জীবনের পুলিশের চাকরি ছেড়ে রজনীকান্ত অভিনয়কে ভালোবেসে অভিনয়ের জগতে এসেছিলেন। প্রথম দিকে খ্যাতির শিখরে পৌঁছে গেলেও, জীবনের শেষ প্রান্তে এসে তিনি অনুভব করছেন একাকীত্ব, নিঃসঙ্গতা - ও তার থেকে জন্ম নিচ্ছে চরম হতাশা।

13. পাঠ্য নাটক থেকে নির্বাচনমূলক প্রশ্ন (MCQ) 1×5 = 5

(a) থেকে (h) -এর মধ্যে যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর বেছে লিখতে হবে। প্রতিটি 1 নম্বর।

a) ii) ঔরঙ্গজেব

b) ii) বামুন

c) i) সাজাহান

d) iii) ওথেলো

e) i) মাটিতে

f) iii) রামব্রীজ

g) i) বার্ধক্য

h) iii) শেক্সপীয়র

14. পাঠ্য আর্ন্তজাতিক কবিতা থেকে পংক্তি তুলে প্রশ্ন ঃ 1+3 = 4

'স্পেনের ফিলিপ .......... কাঁদেনি।'

a) স্পেনের বিশাল রণতরী আর্মাডার ডুবে যাওয়ার কারণে।

b) সাধারণ মানুষ এর অস্তিত্বের মূল্য বরাবরই ইতিহাসে উপেক্ষিত।

**অথবা**

'বইয়ে লেখে রাজার নাম ........

.......................................করে আনত'।

a) ইতিহাস / ঐতিহাসিক কাহিনী নির্ভর গ্রন্থসম্ভার।

b) রাজারা পাথর ঘাড়ে করে আনে না ; পরিশ্রমের দায়ভার বর্তায় আসলে পরিশ্রমী মানুষের ঘাড়ে। অথচ ইতিহাসের পক্ষপাতী দৃষ্টিতে রাজারাই খ্যাতির চূড়ায় অধিষ্ঠান করে। শ্রেণী বৈষম্যের এক এক প্রকট ও দৃষ্টিকটু উদাহরণ।

15. 'আমার বাংলা' গ্রন্থ থেকে পংক্তি তুলে প্রশ্ন। 1+4 = 5

'ইচ্ছে করলেই কি যাওয়া যায়'?

<u>উত্তর সংকেত</u> ঃ

a) মুস্তাফার, স্কুলে যাওয়ার কথা ½ +½ +1=2

b) রাজমিস্ত্রি বাবার হঠাৎ মৃত্যু হলে পর মুস্তাফার স্কুল থেকে নাম কাটা গেলে সংসারের দারিদ্র দূরীকরণে পকেটমারের দলে নাম লেখাতে হয়, ফল জেলবাস-যেখান থেকে সুস্ত স্বাভাবিক জীবনে ফিরে আসার পথগুলো বন্ধ হয়ে যায়।

[গুছিয়ে লিখলে 3 থেকে 4 নম্বর]

**অথবা**

'লোকটা একজন পয়লা নম্বরের ভন্ড'।

a) সরকারি উকিল।

b) উকিল ব্যক্তিটি বাইরে বিপ্লবীদের কাহিনী শোনালেও বাড়ি গিয়ে আইনের পাতা ঘাটতেন বাংলা বীরদের ফাঁসি কাঠে ঝোলাবার জন্য।

16. ‘আমার বাংলা’ থেকে নির্বাচন মূলক প্রশ্ন (MCQ) (a) থেকে (h) এর মধ্যে যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর লিখতে হবে। প্রতিটি সঠিক উত্তর 1 নম্বর। 1×5 = 5

উত্তর ঃ

a) iii) শিকার করে।

b) ii) বন্দুকধারী সেপাই।

c) i) চেংমান,

d) ii) রামদুলাল বাবু।

e) iii) মণিহারি ঘাট।

f) i) হিমালয় পর্বত।

g) iii) পঞ্চাশ,

h) i) সোমেশ্বরী।